

ড. মোঃ মিজানুর রহমান ১৯৬৬ সালে ফরিদপুর জেলায় জন্মগ্রহণ করেন। ছাত্র জীবনে তিনি অত্যন্ত মেধাবী ছিলেন। তিনি ওআইসি-এর অংগ সংগঠন ইসলামিক ইউনিভার্সিটি অফ টেকনোলজি (IUT) থেকে স্নাতক ডিগ্রি অর্জন করেন। এছাড়া তিনি এলএলবি, এমএড, ডিপ্লোমা, এমবিএ ও পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি দেশে বিদেশে বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ গ্রহণ করেছেন, তন্মধ্যে Philippines -এ Leadership Training, Leadership and Management Development Training এবং China তে Mid Level Management Program এবং Senior Leadership Management Program উল্লেখযোগ্য।

ড.মোঃ মিজানুর রহমান ১৯৮৮ সালে আজিজ পাইপস্ ইন্ডাস্ট্রিতে সহকারি প্রকৌশলী হিসেবে কর্মজীবন শুরু করেন এবং ১৯৯৪ সালে বরিশাল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে সিনিয়র ট্রেড ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) হিসাবে প্রথম শিক্ষকতা পেশায় যোগদান করেন। অতঃপর ২০০৩ সালে মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে চীফ ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) এবং ২০০৪ সালে ফেনী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রতিষ্ঠাকালীন অধ্যক্ষ হিসাবে যোগদান করেন। পরবর্তীতে তিনি হোসেনাবাদ, কুষ্টিয়া, শরিয়তপুর, রাজবাড়ী এবং গোপালগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে অধ্যক্ষ হিসাবে কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেন। তার উপস্থিতিতে এ সকল শিক্ষা প্রতিষ্ঠানের যেমন অগ্রগতি হয়েছে, তেমন প্রশাসনিক ও একাডেমিক কাঠামোর ঘটেছে ব্যাপক উন্নতি। অবকাঠামোগত বিভিন্ন উন্নয়ন, বৃক্ষরোপন ও উদ্ভাবনী কার্যক্রমে তার ভূমিকা ছিল অগ্রগণ্য। বরিশাল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত অবস্থায় তিনি বিদ্যুৎ বিশেষজ্ঞ শিক্ষক হিসাবে স্বীকৃতি লাভ করেন। মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত অবস্থায় ২০০৪ সালে জাতীয় শিক্ষা সপ্তাহে তিনি মানিকগঞ্জ সদর উপজেলার শ্রেষ্ঠ কলেজ শিক্ষক নির্বাচিত হন। রাজবাড়ী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত অবস্থায় ২০১২ সালে রাজবাড়ী জেলার ৫ জন শ্রেষ্ঠ শিক্ষকের মধ্যে একজন হওয়ার গৌরব অর্জন করেন। তিনি জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৬, ২০১৭, ২০১৮ এবং ২০১৯ এ কারিগরি শিক্ষায় ঢাকা বিভাগের শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান নির্বাচিত হন। এছাড়া, তিনি ২০১৫ সালে রাজবাড়ী জেলার শ্রেষ্ঠ উদ্ভাবক নির্বাচিত হন। ১৯৯৫ সালে যখন শিক্ষার্থীদের জন্য কারিগরি বিষয়ে বাংলায় লেখা মানসম্মত কোন বই ছিল না, তখন তিনি জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস-১ ও জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস-২ বই দুটি রচনা করেন যা “হক পাবলিকেশন্স” প্রকাশ করে। বই দুটি তখন থেকেই সমাদৃত। তিনি বিভিন্ন সভা সেমিনারে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন। বাংলাভিশন জার্নাল, আইডিবি এর মুখপাত্র “কারিগর”সহ বিভিন্ন দৈনিক পত্রিকা ও সাময়িকীতে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক গবেষণামূলক লেখায় নিয়োজিত আছেন। তিনি কারিগরি শিক্ষাবোর্ডের একজন প্রশ্নপ্রণেতা ও প্রধান পরীক্ষক।

ড. মোঃ মিজানুর রহমান গত ৭ই ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. মাগুরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে অধ্যক্ষ পদে যোগদান করেন। তিনি অতি অল্প সময়ে অসাধারণ ব্যক্তিত্ব এবং ডায়নামিক কর্মদক্ষতার মাধ্যমে সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের মনে জায়গা করে নিয়েছেন। একজন মানবিক ও শিক্ষার্থী-বান্ধব অধ্যক্ষ হওয়ায় তিনি অতি অল্প সময়ের মধ্যে শিক্ষার্থীদের প্রিয়মুখ ও আস্থাভাজন হয়ে উঠেছেন। তার সুনিপুন পরিচালনায় এবং দক্ষ ও নিবিড় পরিচর্যায় মাগুরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

ব্যক্তিগত জীবনে জনাব রহমান এক কন্যা ও একপুত্র সন্তানের জনক। কন্যা মোসাদ্দিকা রহমান বাঈন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের Urban and Regional Planning এ স্নাতক ডিগ্রি অর্জন করে এবং জাহাজীরনগর বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত। ছেলে মুহাইমিনুর রহমান রাবিব DUET এ ভর্তির প্রস্তুতি নিচ্ছে। তাঁর সহধর্মিনী বরিশাল বিএম কলেজ থেকে Islamic History and Culture -এ স্নাতকোত্তর।